

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৯, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০/১৫ নভেম্বর ২০২৩

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২৩।—যেহেতু গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪খ এর দফা (৩) এর অধীন মনোনয়নদানকারী রাজনৈতিক দল হইতে গৃহীত খরচসহ কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি খরচ ২৫ (পঁচিশ) লক্ষ টাকার অধিক হইবে না এবং যেহেতু উক্তরূপ নির্বাচনি ব্যয় ভোটার প্রতি হারে নির্ধারিত হওয়ার বিধান রহিয়াছে,

সেহেতু, বাংলাদেশ নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিটি নির্বাচনি এলাকায় ভোটার প্রতি নির্বাচনি ব্যয় ১০/- (দশ) টাকা নির্ধারণ করিল।

তবে শর্ত থাকে যে, উক্ত নির্বাচনি এলাকার ব্যয় সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকার অধিক হইবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ জাহাংগীর আলম  
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৮৩১)

মূল্য : টাকা ৪.০০